



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ নভেম্বর ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে ইউপিডিএফ নেতা কর্মি ও সমর্থককে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক প্রদীপন খীসা আজ বৃহস্পতিবার ১৯ নভেম্বর ২০১৫ এক বিবৃতিতে খাগড়াছড়িতে ইউপিডিএফ নেতা প্রতীম চাকমা ও গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক জিকো ত্রিপুরাসহ ইউপিডিএফের ৬ নেতা কর্মি ও সমর্থককে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে বিনা শর্তে তাদের সকলের মুক্তি দাবি করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ বৃহস্পতিবার দুপুর ১২:৩০ টায় সাদা পোষাকধারী নিরাপত্তা বাহিনীর সদস্যরা উত্তর খবংপুয়ার দশবল বৌদ্ধ বিহারের পাশের একটি দোকান থেকে উক্ত দুই নেতা ছাড়াও পিসিপি'র খাগড়াছড়ি সরকারী কলেজ শাখার সাংগঠনিক সম্পাদক ও খাগড়াছড়ি সরকারী স্নাতক শ্রেণীর ছাত্র নিকাশ চাকমা, স্বনির্ভর বাজারের বিশিষ্ট ব্যবসায়ী স্বপন চাকমা ও দোকানদার মানিক ধন চাকমাকে ধরে নিয়ে যায়।

অপরদিকে এ ঘটনার পর সেনাবাহিনীর একটি দল নারাঙহিয়ার অনন্ত মাস্টার পাড়ার নিজ বাসা থেকে খাগড়াছড়ির প্রগতিশীল পাঠাগার হুয়াঙ বোইও বা'র অর্থ সম্পাদক খোকন চাকমাকে গ্রেফতার করে।

প্রদীপন খীসা উক্ত গ্রেফতারকে অগতান্ত্রিক, অসাংবিধানিক ও মানবাধিকার লঙ্ঘন বলে উল্লেখ করে বলেন, ইউপিডিএফ নেতা কর্মি ও সমর্থকদের উপর দমন পীড়নের অংশ হিসেবে বিনা ওয়ারেন্টে তাদের আটক করা হয়েছে।


এভাবে রাজনৈতিক নিপীড়ন চািয়িয়ে ইউপিডিএফকে এবং জনগণের ন্যায় সঙ্গত আন্দোলনকে দমন করা যাবে না বলে মন্তব্য করে ইউপিডিএফ নেতা আরো বলেন, অতীতেও এভাবে গ্রেফতার, নির্যাতন, মিথ্যা মামলা, হুলিয়া দিয়ে ইউপিডিএফকে নির্মূলের ষড়যন্ত্র করা হয়েছে, কিন্তু জনগণের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতা নিয়ে পার্টি তা ব্যর্থ করে দিতে সক্ষম হয়েছে।

আটককৃতদের কাছ থেকে দুটি অস্ত্র ও ৬টি গুলি পাওয়া গেছে বলে নিরাপত্তাবাহিনীর সদস্যরা পরবর্তীতে সাংবাদিকদের কাছে যে দাবি করেছে তা প্রত্যাখ্যান করে প্রদীপন খীসা বলেন তাদের কাছ থেকে অস্ত্র ও গোলাবারুদ পাওয়ার তথ্য সর্বৈব মিথ্যা ও বানোয়াট। এর সাথে বাস্তব ঘটনার সাথে কোন মিল নেই।

রাজনৈতিকভাবে ফাঁসানোর জন্য এবং গ্রেফতারের বৈধতা দেওয়ার জন্য এই মিথ্যা তথ্য সাজানো হয়েছে বলে তিনি মনে করেন।

প্রদীপন খীসা অবিলম্বে আটককৃতদের নিঃশর্ত মুক্তি এবং খাগড়াছড়িসহ সারা পার্বত্য চট্টগ্রামে পূর্ণ গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে দেবার দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।